

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে বিস্ফোরক
পরিদপ্তরে গঠিত নৈতিকতা কমিটির ২৭/৮/২০২০ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।
সভার তারিখ ও সময় : ২৭/৮/২০২০ খ্রি:, বেলা ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'।

১। আলোচনা:

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। নৈতিকতা কমিটির সদস্য সচিব বিস্ফোরক পরিদপ্তরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর/২০২০) বাস্তবায়নযোগ্য কার্যক্রমের তালিকা উপস্থাপন করেন। সভাপতি মহোদয় বাস্তবায়নযোগ্য কার্যক্রমের উক্ত তালিকা পর্যায়ক্রমে আলোচনা করেন। পর্যালোচনান্তে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্নের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়:

২। **ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ মোতাবেক ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের জন্য ০১/৯/২০২০ তারিখ নির্ধারিত থাকায় উক্ত তারিখে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা প্রয়োজন।


৩। **ফায়ার ফাইটিং মহড়া আয়োজন:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী ১ম কোয়ার্টারে ০১/৯/২০২০ তারিখে ফায়ার ফাইটিং মহড়া আয়োজনের বিষয় নির্ধারিত আছে। উক্ত নির্ধারিত তারিখে ফায়ার ফাইটিং মহড়া আয়োজন করা প্রয়োজন।

৪। **গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ:** গাড়ির জ্বালানি সঠিকভাবে ব্যবহার করা হয় কী না তা সঠিকভাবে পর্যবেক্ষণ করতে হবে। সদস্য সচিব সভায় অবহিত করেন যে, গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ করা হয়।

সিদ্ধান্ত:

- নির্ধারিত তারিখের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করতে হবে।
- ফায়ার ফাইটিং মহড়া আয়োজন করতে হবে।
- গাড়ির জ্বালানি ব্যবহারে নিয়মিত ও সঠিকভাবে পর্যবেক্ষণ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৭/৮/২০২০

(মোঃ মঞ্জুরুল হাফিজ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক।

ও

সভাপতি, নৈতিকতা কমিটি।